

## বড়ছড়ায় স্কুল নির্মাণের দাবিতে আন্দোলনে নেমেছে গ্রামবাসী

■ আহমেদ গিয়াস, কক্সবাজার প্রতিনিধি

কক্সবাজার শহরতলীর বড়ছড়া গ্রামে স্কুল নির্মাণের দাবিতে অবশেষে আন্দোলনে নেমেছে গ্রামবাসী। মঙ্গলবার দরিয়ানগরে এক প্রতিবাদ সভায় চলতি মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু না হলে ১ মার্চ থেকে মেরিন ড্রাইভ সড়ক অবরোধ করা হবে বলে হুঁশিয়ারি দেয়া হয়।

বড়ছড়া সমাজ পরিচালনা কমিটির সহ-সভাপতি মোহাম্মদ ইসমাইল সওদাগরের সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় বলা হয়, জেলায় স্কুলবিহীন ২৭টি গ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণের জন্য সরকার ২০১৩ সালে অর্থ বরাদ্দ দেয়। এরই অংশ হিসাবে ঝিলংজা ইউনিয়নের বড়ছড়া গ্রামে একটি স্কুল নির্মাণের জন্য ৬২ লাখ ৪০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়।

ইতিমধ্যে স্কুল নির্মাণের জন্য ৩০ শতক খাস জমি স্কুলের নামে বন্দোবস্ত দেয়া হয়। কিন্তু এরপর ২ বছর সময় অতিবাহিত হলেও সংশ্লিষ্টদের অবহেলার কারণে স্কুল নির্মাণ কাজ এখনও শুরু হয়নি। এ কারণে এলাকার কয়েক শত স্কুলগামী শিশু শিক্ষাবঞ্চিত রয়েছে।

সভায় আরো বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা আবদুল খালেক, কাজী আবদুল খালেক, বড়ছড়া সমাজ পরিচালনা কমিটির সভাপতি মাহবুব আলম, সাবেক সভাপতি আমির হোসেন সওদাগর, রিজিয়া বেগম, মনোয়ারা বেগম মনু, ছৈয়দ আলম প্রমুখ।